

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাণিচা, ঢাকা-১০০০।
www nbr.gov.bd


প্রেস বিজ্ঞপ্তি: ঢাকা, ২২ মে ২০১৯ খ্রিঃ।

চাল আমদানিতে শুল্ক-কর বৃদ্ধি সংক্রান্ত এস.আর.ও. জারী করেছে এনবিআর

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ড চাল আমদানি নিরন্তরাহিত করতে চালের উপর বর্তমানে প্রযোজ্য আমদানি শুল্ক ২৫% বহাল রেখে রেগুলেটরি ডিওটি ৩% হতে বৃদ্ধি করে ২৫% করা হয়েছে। একই সাথে এ সকল পণ্যের উপর ৫% অগ্রিম আয়কর আরোপ করা হয়েছে। ফলে চাল আমদানির ক্ষেত্রে মোট করভার ৫৫% (কাস্টমস্ ডিওটি ২৫% + রেগুলেটরি ডিওটি ২৫% + অগ্রিম আয়কর ৫%) উন্নিত করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড আজ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ/২২ মে ২০১৯ খ্রিঃ তারিখ এ সংক্রান্ত একটি এস.আর.ও. নং-১৩০ জারী করেছে, যা আজ থেকেই কার্যকর হবে। এস.আর.ও. টি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট www nbr.gov.bd আপলোড করা হয়েছে।

এ বিষয়ে সিনিয়র সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ মোশাররফ হোসেন তুঁইয়া, এনডিসি বলেন, চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে ১০ মাসে প্রায় ৩ লক্ষ ৩ হাজার মেট্রিক টন চাল আমদানি করা হয়েছে। এতে দেশীয় কৃষকগণ কর্তৃক উৎপাদন খরচের চেয়ে কম মূল্যে চাল বিক্রয় করতে বাধ্য হচ্ছে। যার ফলে প্রাক্তিক কৃষকগণ আর্থিকভাবে বিপুল ক্ষতির সম্মুখীন হচ্ছেন। কৃষকগণকে আর্থিক ক্ষতি হতে রক্ষাকরে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুশাসন অনুযায়ী আমরা আমদানি পর্যায়ে চালের উপর আমদানি শুল্ক কর বৃদ্ধি করেছি।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত গণমাধ্যমে প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হ'ল।


(সেয়দ এ. মু মেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া।